গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর-৫৯.০০.০০০০.১০৪.১১.০০৩.২৪.৩২৩ তারিখ: ২৩ চৈত্র ১৪৩১ / ০৬ এপ্রিল ২০২৫

বিষয়: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১৩-২০ গ্রেডের জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১৩-২০তম গ্রেডের ৪৬টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি আগামী ০৯.০৪.২০২৫ তারিখে প্রকাশের নিমিত্ত পূর্বের ন্যায় 'বাংলাদেশ প্রতিদিন' এবং 'The Daily Observer' পত্রিকার একই কলামে দৃশ্যমান স্থানে (১ দিনের জন্য) প্রকাশের পর পত্রিকার কপি ও বিজ্ঞাপন বিল এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। উল্লেখ্য যে, সরকারি বিধি মোতাবেক বিজ্ঞাপন বিল পরিশোধ করা হবে।

সংযুক্তি: বর্ণনামতে- ০৩ (তিন) পাতা।

০৬/০৪/২৫

(আলাউদ্দিন আলী)
উপসচিব (প্রশাসন-১)
ও
সদস্য-সচিব
১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি
ফোন-৫৫১০০৭০২
admin1@mefwd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সম্পাদক, বাংলাদেশ প্রতিদিন
প্লট নং-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা-১২২৯

২। সম্পাদক, দ্যা ডেইলি অবজারভার,
আজিজ ভবন (২য় তলা), ৯৩ মতিঝিল, সি/এ, ঢাকা-১০০০

স্মারক নম্বর-৫৯.০০.০০০০.১০৪.১১.০০৩.২৪.৩২৩/১(৭) তারিখ: ২৩ চৈত্র ১৪৩১ / ০৬ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। যুগ্মসচিব (প্রশাসন) ও সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। বিশেষ সহকারী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তিটি এ বিভাগের ওয়েব সাইট ও ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
৭। অফিস কপি

০৬/০৪/২৫

(আলাউদ্দিন আলী)
উপসচিব (প্রশাসন-১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৪.১১.০০৩.২৪.৩২২

তারিখ: ২৩ চৈত্র ১৪৩১ / ০৬ এপ্রিল ২০২৫

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে অনলাইনে (**http://mefwd.teletalk.com.bd** ওয়েবসাইটে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০ জুলাই ২০২৪ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে জারিকৃত সংশোধিত কোটা পদ্ধতি এবং লেজিলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে ১৮ নভেম্বর ২০২৪ তারিখে প্রকাশিত সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা সংক্রান্ত অধ্যাদেশ নম্বর ১১, ২০২৪ এর পরিপ্রেক্ষিতে সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

৩. এ বিভাগের গত ২০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৩ জুন ২০২৪ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১০৪.১১.০০১.২৩.৭৯৬ নম্বর স্মারকে জারিকৃত (০৭ জুন ২০২৪ তারিখ বাংলাদেশ প্রতিদিন এবং The Daily Observer পত্রিকায় প্রকাশিত) নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যে সকল প্রার্থী ইতঃপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই; তাদের প্রার্থীতা বহাল থাকবে।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)<br>বেতন স্কেল: টা: ১১,০০০-২৬,৫৯০/- | ১৮-৩২ বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ০৬টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) সাঁট-লিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলা ৪৫ শব্দসহ ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি ৩০ শব্দ ও বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দসহ কম্পিউটার Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে;<br>(ঙ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলা |
| ০২ | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড: ১৩)<br>বেতন স্কেল: টা: ১১,০০০-২৬,৫৯০/- | ১৮-৩২ বছর | ০৩টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; | |
| ০৩ | ক্যাশিয়ার<br>(গ্রেড: ১৪)<br>বেতন স্কেল: টা: ১০,২০০-২৪,৬৮০/- | ১৮-৩২ বছর | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটারে Word processingসহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)<br>বেতন স্কেল: টা: ৯,৩০০-২২,৪৯০/- | ১৮-৩২ বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ১৬টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দসহ কম্পিউটার Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে;<br>(ঘ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৫ | অফিস সহায়ক<br>(গ্রেড: ২০)<br>বেতন স্কেল: টা: ৮,২৫০-২০,০১০/- | ১৮-৩২ বছর | ২০টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

৪. <u>আবেদন করার নিয়মাবলি:</u> আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

(ক) <u>০১.০৪.২০২৫</u> তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নম্বর কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

(গ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(ঘ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঙ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিটি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

চ. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ১, ৪ ও ৫ নম্বর ক্রমিকের শূন্য পদ পূরণে ' বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪' (সংশোধিত ২০২০); ২ নম্বর ক্রমিকের শূন্য পদ পূরণে 'সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' এবং ৩ নম্বর ক্রমিকের শূন্য পদ পূরণে 'মন্ত্রণালয় এবং বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮' অনুসরণ করা হবে।

ছ. সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর, ক্যাশিয়ার ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। অফিস সহায়ক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(জ) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন (প্রযোজ্য ক্ষেত্রে), নাগরিকত্ব, চারিত্রিক ও প্রশিক্ষণের সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের একসেট ছায়ালিপি সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

(ঝ) মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তান হিসেবে আবেদনকারীকে পিতা/মাতার মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার/বীরাঙ্গনার প্রমাণপত্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত আবেদনকারীকে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত মূল সনদ, শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীকে সমাজ সেবা অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রদত্ত মূল সনদ এবং তৃতীয় লিঙ্গের আবেদনকারীকে সমাজ সেবা অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রদত্ত মূল সনদ ও সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(ঞ) অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

৫. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <u>http://mefwd.teletalk.com.bd</u> ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। এছাড়া ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলি এবং অন্যান্য প্রযোজ্য শর্ত ও তথ্যাবলিসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইটেও (www. mefwd.gov.bd) পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০.০৪.২০২৫ তারিখ সকাল ১০.০০টা;

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০.০৪.২০২৫ তারিখ বিকাল ৫.০০টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস- এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০' প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১-4 নম্বর ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশত টাকা), টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২.০০ (বারো) টাকাসহ সর্বমোট ১১২.০০ (একশত বারো টাকা) এবং ৫ নম্বর ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০.০০ (পঞ্চাশ) টাকা, Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬.০০ (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬.০০ (ছাপ্পান্ন) টাকা। তবে সকল গ্রেডের অনগ্রসর প্রার্থীগণ আবেদন ফি বাবদ ৫০.০০ (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬.০০ (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬.০০ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: **MEFWD<space>User ID** লিখে Send করতে হবে **16222** নম্বরে।

**Example: MEFWD ABCDEFGH** & **send to 16222**
Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee for Post Name. Your PIN is 12345678. To pay fee type MEFWD<Space>Yes<space> PIN & send to **16222**.

দ্বিতীয় SMS: **MEFWD**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে **16222** নম্বরে।
**Example: MEFWD Yes 12345678** & **send to 16222**
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for MEFWD Application for (Post Name) User ID is (ABCDEFGH) and password (XXXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mefwd.teletalk.com.bd অথবা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের Website: www.mefwd.gov.bd-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়, ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Color Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: **MEFWD**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to **16222**

Example: **MEFWD Help User ABCDEF** & send to **16222**

ii) PIN Number জানা থাকলে: **MEFWD**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to **16222**

Example: **MEFWD Help PIN 1234567** & send to **16222**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের Website: www.mefwd.gov.bd এবং http://mefwd.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.mefwd.gov.bd) ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে alljobs.quary@teletalk.com.bd বা admin1@mefwd.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: **MEFWD**, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৭. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

**(নেওয়াজ হোসেন চৌধুরী)**
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)
ও
সভাপতি
১১-২০ গ্রেড (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণি) এর
নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদান
কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়